বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন শাখা

শুদ্ধাচার/উত্তম চর্চা বিষয়ে অংশীজনদের সঙ্গে অনুষ্ঠিত ৪র্থ মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ মাহফুজুর রহমান মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এবং APA টিম প্রধান, বাপক
সভার তারিখ	২৩-০৬-২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	'ঐকতান' সভাকক্ষ, বাপক, প্রধান কার্যালয়
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি অংশগ্রহণকারী সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। অতঃপর সভাপতি জনাব রাকিবুল হাসান, উপব্যবস্থাপক (প্রশাসন) ও *বাপক*-এর এপিএ টিমের ফোকাল পয়েন্ট-কে সভা সঞ্চলনা, সভা আহবানের উদ্দেশ্য ও অন্যান্য বিষয়ে বিস্তারিতভাবে উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করেন।
সভাপতির নির্দেশনা অনুসরণে জনাব হাসান ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের কার্যক্রম [১.২]-এর লক্ষ্যমাত্রা অর্জনে (এপ্রিল-জুন, ২০২১) শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে আয়োজিত সভায় অংশগ্রহণকারীদের উন্মুক্ত আলোচনার আহবান জানান।

২। সভায় উপস্থিত জনাব শাকের হোসেন, ব্যবস্থাপক (প্রশিক্ষণ), এনএইচটিটিআই, *বাপক*, ঢাকা বলেন, এনএইচটিটিআই-এর ভবনের সংস্কার কার্যক্রম শেষ পর্যায়ে। এর মধ্যেই সেখানে শুদ্ধাচার ও উত্তম চর্চার অংশ হিসেবে, দুর্নীতি বিরোধী স্টিকার স্থাপন, বিশুদ্ধ ও সুপেয় পানি সরবরাহ, কোভিড-১৯ নিয়ন্ত্রণে রাখতে সচেতনতামূলক স্টিকার স্থাপন ইত্যাদি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রশিক্ষণার্থীদের স্বাস্থ্যবিধি অনুসরণ করে শরীরের তাপমাত্রা মেপে ইনস্টিটিউটে প্রবেশ ও হ্যান্ড স্যানিটাইজারের ব্যবহার নিশ্চিতকরণ, এক আসন পর পর বসার ব্যবস্থাসহ অন্যান্য স্বাস্থ্য সুরক্ষামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
জনাব মোঃ সাবির উদ্দিন আহম্মেদ, ইউনিট ব্যবস্থাপক, জাতীয় চিড়িয়াখানা রেস্তোরাঁ, *বাপক*, ঢাকা বলেন শুদ্ধাচার ও উত্তম চর্চার অংশ হিসেবে *বাপক*-এর সকল কর্মকর্তা-কর্মচারীকে হাস্যোজ্জ্বল মুখে অতিথি সেবায় ব্রতী হতে হবে। এর ব্যত্যয়ে ব্যক্তিগত তথা সর্বোপরি *বাপক*-এর ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে। তিনি বলেন, জাতীয় চিড়িয়াখানা রেস্তোরাঁ-তে আগত অতিথিদের তিনি ব্যক্তিগতভাবে স্বাগত জানান এবং সর্বোচ্চ সেবা দানে সচেষ্ট থাকেন। এ লক্ষ্যে তিনি সেবা সহজীকরণের উদ্দেশ্যে চিড়িয়াখানায় অটোরিকশা চালুকরণসহ বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রম সম্পন্ন করেছেন।
জনাব মোঃ ফয়জুল কবির খান, ইউনিট ব্যবস্থাপক, রুফটপ রেস্তোরাঁ, পর্যটন ভবন, *বাপক*, ঢাকা বলেন শুদ্ধাচার ও উত্তম চর্চার অংশ হিসেবে *বাপক*-এর সকল কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদানের বিকল্প নেই।

৩। সভাপতির এক জিজ্ঞাসার জবাবে জনাব হাসান অবহিত করেন যে, সম্প্রতি (২০২০-২১ অর্থবছরের) *বাপক* কর্তৃক অনুসৃত উত্তম চর্চার তালিকা প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তালিকায় নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভূক্ত রয়েছে:

(ক) *বাপক*-এর বাণিজ্যিক ইউনিটসমূহের অভ্যন্তরীণ কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণের জন্য ফেইসবুকে

ইউনিট ব্যবস্থাপকদের সমন্বয়ে ক্লোজ গ্রুপ গঠন;

(খ) *বাপক*-এর SOP প্রণয়ন ও প্রতিপালন এবং স্বাস্থ্য কিট প্রদান;

(গ) কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মকালীন প্রশিক্ষণ (OJT) ও অগ্নি নির্বাপন প্রশিক্ষণ আয়োজন;

(ঘ) প্রধান কার্যালয় চত্বরে সুপেয় পানি সরবরাহ ও তামাকমুক্ত হসপিটালিটি সেক্টর বাস্তবায়ন।

তালিকায় উল্লিখিত বিষয়গুলি নিয়ে অংশগ্রহণকারীগণ তাঁদের স্ব স্ব অভিমত ব্যক্ত করেন। বিশেষ করে তালিকাভুক্ত বিষয়গুলোর মধ্যে ক্রমিক (ক), (খ) ও (ঘ)-এর সার্বিক কার্যক্রম *বাপক*-এর প্রধান কার্যালয়সহ বাণিজ্যিক ইউনিটসমূহে সর্বতভাবে প্রতিপালিত হচ্ছে মর্মে সভায় আলোচনা করা হয়। এছাড়া ক্রমিক (গ)-এর কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মকালীন প্রশিক্ষণ (OJT) নিয়মতিভাবে আয়োজিত হচ্ছে। পাশাপাশি গত ১৯-০৫-২০২১ তারিখে অগ্নি নির্বাপন বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়।

৪। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) চলতি অর্থবছরের কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে হবে;

(খ) তালিকা অনুযায়ী উত্তম চর্চাসমূহ প্রতিপালন করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ মাহফুজুর রহমান
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এবং
APA টিম প্রধান, বাপক

স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.০৬.০০৪.২০.২৭৫

তারিখ: ১০ আষাঢ় ১৪২৮
২৪ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
২) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
৩) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
৪) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
৫) মহাব্যবস্থাপক , মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
৬) অধ্যক্ষ (এনএইচটিটিআই) (ভারপ্রাপ্ত), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
৭) ব্যবস্থাপক / ইউনিট ব্যবস্থাপক, ---------- (সকল), বাংলাদেশ পর্যটন করপোরেশন

রাকিবুল হাসান
উপব্যবস্থাপক (প্রশাসন) এবং APA
ফোকাল পয়েন্ট, বাপক